

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪০.১৮- ১৩৫৯

তারিখঃ

২২ অগ্রহায়ণ, ১৪২৫
১ ডিসেম্বর, ২০১৮

বিষয় : রীট পিটিশন নং ১২৮২০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত 'সহকারি শিক্ষক' এর গুণ্য পদে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদানের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে ১৪.০৯.২০১৪ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ নিয়োগপত্র প্রদান করেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বগুড়া এর স্মারক নং জেপ্রাশিঅ/বগ/স.শি.নি/রাজস্ব/২০১৪/২০১৮/২৫৩১/১৩৬, তারিখ: ২৩.০৯.২০১৮ খ্রি: মোতাবেক বগুড়া জেলার চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া নিয়োগপত্র প্রদান করেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া এর স্মারক নং জেপ্রাশিঅ/বগ/স.শি.নি/রাজস্ব/২০১৪/২০১৮/২৫৩১/১৩৬, তারিখ: ২৩.০৯.২০১৮ নিয়োগ পত্রটিকে চ্যালেঞ্জ করে জনাব নিলুফা ইয়াসমিন, পিতা- মো: গোলাম মোস্তফা, উপজেলা- কাহালু, জেলা- বগুড়াসহ মোট ০৩ (তিন) জন প্রার্থী মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২৮২০/২০১৮ দায়ের করেছেন। মহামান্য আদালত ২২.১০.২০১৮ তারিখে রেসপনডেন্টদের প্রতি রুল নিশি ইস্যু সহ নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Pending hearing of the Rule, let operation of the impugned Memo No.2014/2018/2531/136 dated 23.09.2018 (Annexure-C) be stayed for a period of 06(six) months from date in so far as it relates to the appointment of 3 Assistant teachers having SL No,51,57,58 in Government Primary Schools situated in Kahalu Upazila under Bogura District.

২। উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল দায়েরের জন্য উক্ত আদেশের সার্টিফাইড কপি প্রয়োজন। তাছাড়া রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, রীট পিটিশন নং ৮৩৮০/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


- (১) রীট পিটিশন নং ৮৩৮০/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০৩ (তিন) প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- (৩) উক্ত আদেশের সার্টিফাইড কপি।
- (৪) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৬) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- (৭) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি, ১। রুলের কপি।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্শন ০২ (দুই) খানা।


(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বগুড়া।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৪০.১৮- ১৩৫৯/২

তারিখঃ

২২ অগ্রহায়ণ, ১৪২৫
১ ডিসেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

